

মেডিকলে ভর্তির সুযোগ পেল এক কলেজের ৫৩ জন!

স্টাফরিপোর্টার, নীলফামারী

প্রকাশিত: ১২:৩০, ২০ জানুয়ারি ২০২৫



ছবি: জনকণ্ঠ

উত্তরাঞ্চলের নীলফামারীর সৈয়দপুর সরকারি বিজ্ঞান কলেজ এখন আলোচিত ও আলোকিত হয়ে উঠেছে। প্রতি বছরের ন্যায় এবারও মেডিকেল কলেজে ভর্তির মেধাতালিকায় স্থান করে নিয়েছে কলেজটির ৫৩ জন শিক্ষার্থী। অবাক করার মতো এমন সফলতা ২০১৮ সাল হতেই চলে আসছে।

গত শুক্রবার (১৭ জানুয়ারি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল রবিবার পরীক্ষার ফল প্রকাশের পর আজ সোমবার (২০ জানুয়ারি) সকালে সৈয়দপুর সরকারি বিজ্ঞান কলেজের অধ্যক্ষ আজাদ আবুল কালাম জানান, মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পাওয়া শিক্ষার্থীদের তালিকা সংগ্রহ করে এ পর্যন্ত ৫৩ জনের নাম পেয়েছেন। এর মধ্যে মেয়ে ৩৩ জন এবং ছেলে ২০ জন। এই নামের তালিকা আরও বাড়বে বলে মনে করছেন তিনি। শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের আন্তরিকতার কারণে এই ফল অর্জিত হয়েছে উল্লেখ করে অধ্যক্ষ আরও জানান, গত বছর ৫২ জন বিভিন্ন মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পেয়েছেন। এ ছাড়া ২০২৩ সালে ৪২ জন, ২০২২ সালে ৩৯ জন, ২০২১ সালে ৪০ জন, ২০১৯ সালে ৩৬ জন ও ২০১৮ সালে ৩৮ জন শিক্ষার্থী সরকারি মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পায়। কলেজটি থেকে প্রতি বছর উত্তীর্ণ শিক্ষার্থীদের অনেকে মেডিকেল কলেজের পাশাপাশি বুয়েট, কুয়েট ও চুয়েটসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাচ্ছে।

নীলফামারী মেডিক্যাল কলেজে ভর্তির সুযোগ পাওয়া সৈয়দপুর সরকারি বিজ্ঞান কলেজের শিক্ষার্থী নাফিস ফুয়াদ বলেন, ‘এই কলেজের শিক্ষকরা শিক্ষার্থীদের সন্তানের মতো দেখভাল করেন। তাদের যত্নে এবারও ৫৩ জন মেধাবী শিক্ষার্থী দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজে ভর্তির সুযোগ পেয়েছে। এখানে শিক্ষার পরিবেশ অনেক ভালো। স্যারদের পরিশ্রম আর আমাদের মনোযোগ এই সাফল্য পাইয়ে দিয়েছে।

জানা যায়, ১৯৬৪ সালে দেশের চারটি শিল্পাঞ্চলে গড়ে উঠা টেকনিক্যাল স্কুলের একটি হচ্ছে সৈয়দপুর সরকারি টেকনিক্যাল স্কুল। পরে ১৯৭৭ সালে প্রতিষ্ঠানটি কলেজে উন্নীত করে নাম দেওয়া হয় সৈয়দপুর সরকারি টেকনিক্যাল কলেজ। ২০১৯ সালে শিক্ষা মন্ত্রণালয় প্রতিষ্ঠানটির নাম পরিবর্তন করে সৈয়দপুর সরকারি বিজ্ঞান কলেজ নামকরণ করে। কলেজটিতে শুধু বিজ্ঞান বিষয়ে পড়ার সুযোগ রাখা হয়েছে।

কলেজ সংশ্লিষ্টরা জানান, চলতি বছর কলেজটি থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শুধু বিজ্ঞান বিভাগে ২৬২ জন শিক্ষার্থী অংশ নিয়ে শতভাগ পাস করে। জিপিএ-৫ পেয়েছেন ২৫৫ জন। বাকী শিক্ষার্থীরা বুয়েট, কুয়েট ও চুয়েটসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগের চেষ্টা করছেন।

স্থানীয় সচেতন মহল বলছেন, এ শিক্ষা প্রতিষ্ঠানটিতে সুশৃঙ্খল পরিবেশ, পাঠদানে শিকদের আন্তরিকতা এবং কঠোর তদারকির ফলে প্রতি বছর আশানুরূপ ফলাফল করছে শিক্ষার্থীরা। মূলত শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের সম্মিলিত প্রচেষ্টায় প্রতি বছর মেডিকেল ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় ধারাবাহিক সফলতা ধরে রাখা সম্ভব হচ্ছে। রেকর্ড সংখ্যক শিক্ষার্থী মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পাওয়ায় সৈয়দপুর বিজ্ঞান কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে আনন্দ বিরাজ করছে। প্রতিষ্ঠানটির সাফল্যে প্রশংসা করছেন সবাই।